

অনুমোদনহীন দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম বন্ধে ইউজিসির নির্দেশনা

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ৩০ মার্চ ২০২৬, ২০:১৩



অনুমোদন ব্যতীত দেশে পরিচালিত হওয়া সব দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয়ের শাখা ক্যাম্পাস এবং স্টাডি সেন্টারের শিক্ষা কার্যক্রম স্থগিতের নির্দেশ দিয়েছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)

 [দৈনিক ইভেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

সোমবার (৩০ মার্চ) ইউজিসির ইন্টারন্যাশনাল কোলাবোরেশন বিভাগ থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা জারি করা হয়। একইসঙ্গে অনুমোদন পাওয়ার জন্য এসব প্রতিষ্ঠানকে আগামী ২৫ এপ্রিলের মধ্যে কমিশনের কাছে আবেদন করার নির্দেশ দেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ সরকার ও ইউজিসির অনুমোদন ছাড়াই বিভিন্ন দেশি-বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠানের শাখা ক্যাম্পাস, স্টাডি সেন্টার ও টিউটোরিয়াল সেন্টার পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে এমন বেশ কিছু প্রতিষ্ঠানের তালিকা কমিশনের হাতে এসেছে। ‘বিদেশি বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানের শাখা ক্যাম্পাস বা স্টাডি সেন্টার পরিচালনা বিধিমালা, ২০১৪’ অনুযায়ী এসব কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদন বাধ্যতামূলক।

ইউজিসি জানায়, অননুমোদিত সব প্রতিষ্ঠানকে বিধিমালার ধারা ৪ (৩)-এর দফা (ব) অনুসারে অনুমোদনের জন্য আগামী ২৫ এপ্রিলের মধ্যে কমিশনে আবেদন করতে হবে। একইসঙ্গে এসব প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমসহ সব ধরনের কার্যক্রম আপাতত স্থগিত রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

নির্ধারিত সময়ের মধ্যে আবেদন জমা না দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে বিজ্ঞপ্তিতে সতর্ক করা হয়।